

# মাসিক এমআইএস প্রতিবেদন

ডিসেম্বর ২০২৩  
৪০৮ তম সংখ্যা



**বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ**

**BANGLADESH PETROLEUM EXPLORATION AND PRODUCTION COMPANY LTD.**

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

BAPEX Bhaban, 4 Kawran Bazar C/A, Dhaka-1215.

e-mail : [gmplanning@bapex.com.bd](mailto:gmplanning@bapex.com.bd) web : [www.bapex.com.bd](http://www.bapex.com.bd)

ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা
-	সূচীপত্র	০১
১	কোম্পানীর পরিচিতি	০২
২	<b>GDF</b> অর্থায়নে বাপেক্স পরিচালিত (অনুমোদিত) প্রকল্পসমূহের অগ্রগতির প্রতিবেদনঃ	০৩-০৯
২.১	Drilling of 2Nos Exploratory Wells (Tabgi-1 & Illisha-1) and 1No Appraisal cum Development Well (Bhola North-2)	০৩
২.২	Bijoy 10, 11, 12, IDECO Rig Maintenance, IPS Rig Upgradation & Rig Supporting Equipment Replacement Project.	০৪
২.৩	2D Seismic Survey Over Exploration Block 15 & 22.	০৫
২.৪	Procurement & Installation of Welhead Compressors at Srikail Gas Field.	০৬
২.৫	1 Exploratory Well (Srikail North-1A) 2 Appraisal cum Development Well (Sundalpur-3 & Begumgonj-4 (West)) Drilling Project.	০৭
২.৬	2D Seismic Survey Over Exploration Block 6B South and 10 Project.	০৮
২.৭	3D Seismic Survey Over Zakiganj and Patharia West Project.	০৯
৩	এনভায়রনমেন্ট এন্ড সেইফটি বিষয়ক প্রতিবেদন	১০-১১
৪	বিভিন্ন বিভাগের বাস্তব অগ্রগতির বিবরণ	১২-২৩
৪.১	ভূতাত্ত্বিক বিভাগ	১২-১৩
৪.২	ভূপদার্থিক বিভাগ	১৪
৪.৩	খনন পরিচালনা বিভাগ	১৫
৪.৪	ওয়েল সার্ভিসেস বিভাগ	১৬
৪.৫	পরীক্ষাগার বিভাগ	১৭
৪.৬	উৎপাদন বিভাগ	১৮-১৯
৪.৭	প্রকৌশল বিভাগ	২০
৪.৮	রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট বিভাগ	২১
৪.৯	প্লানিং এন্ড আইসিটি বিভাগ	২২
৪.১০	আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম	২৩
৫	বিবিধ তথ্য	২৪-৩০
৫.১	লোকবল	২৪
৫.২	কোম্পানীর e-Governance সংক্রান্ত তথ্য	২৫-২৬
৫.৩	রাষ্ট্রীয় কোষাগারে অর্থ প্রদানের বিবরণী	২৭
৫.৪	নগদ তহবিল বিবরণী	২৭
৫.৫	বোর্ড, গণসংযোগ ও আইন এবং চুক্তি সংক্রান্ত কার্যাবলী	২৮
৫.৬	আত্মীকরণ, পদোন্নতি, অবসর গ্রহণ, শোক সংবাদ, পদত্যাগ, নিয়োগ, বদলি, বরখাস্ত, লিয়েন ও প্রেষণ	২৯-৩০
৬	সমাপ্ত প্রকল্প ও ওয়ার্কওভার কার্যক্রম সমূহের বিবরণ	৩১-৩৮
৬.১	সমাপ্ত প্রকল্প সমূহের বিবরণ	৩১-৩৪
৬.২	সম্পাদিত ওয়ার্কওভার কার্যক্রম সমূহের বিবরণ	৩৫-৩৬
৬.৩	বাপেক্স ও এর পূর্বসূরী কর্তৃক অনুসন্ধান ও উৎপাদন কূপ খনন কার্যক্রমের বিবরণী	৩৭-৩৮
৭	বাপেক্স এর গ্যাসফিন্ডসমূহের মজুদ ও উৎপাদন চিত্র	৩৯

ক্রমিক	বিষয়বস্তু	বর্ণনা
০১	কোম্পানীর নামঃ	বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)
০২	কোম্পানীর প্রধান কার্যালয়ঃ	বাপেক্স ভবন, ৪ কাওরান বাজার বাণিজ্যিক এলাকা, ঢাকা-১২১৫।
০৩	কোম্পানীর উদ্দেশ্য ও কার্যপরিধিঃ	<ul style="list-style-type: none"> <li>* তেল ও গ্যাস অনুসন্ধান, উন্নয়ন ও উৎপাদনের জন্য ভূতাত্ত্বিক ও ভূকম্পন জরিপ এবং খনন কার্যক্রম পরিচালনা করা।</li> <li>* দেশের অভ্যন্তরে বা দেশের বাহিরে এককভাবে বা যৌথ উদ্যোগে অথবা অন্য কোন চুক্তির ভিত্তিতে উৎপাদন, প্রক্রিয়াকরণ, সঞ্চালন, বিতরণ এবং বিপণন অথবা এতদসম্পর্কিত অন্যান্য পণ্যের উৎপাদন ও বিপণন সংক্রান্ত বাণিজ্যিক কার্যক্রম পরিচালনা করা।</li> <li>* ভূপদার্থিক ও ভূতাত্ত্বিক উপাত্ত মূল্যায়ন, বেসিন পর্যালোচনা, অনুসন্ধান ও উন্নয়নের লক্ষ্যে খনন, ভূতাত্ত্বিক ও ভূ-রসায়নিক বিশ্লেষণ ইত্যাদির ক্ষেত্রে সেবা প্রদান করা।</li> </ul>
০৪	তত্ত্বাবধায়ক সংস্থাঃ	বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)।
০৫	প্রশাসনিক মন্ত্রণালয়ঃ	বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়। জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ।
০৬	পাবলিক লিমিটেড কোম্পানী (অনুসন্ধান) হিসাবে নিবন্ধিতঃ	০৩ এপ্রিল, ১৯৮৯।
০৭	তেল ও গ্যাস অনুসন্ধান কোম্পানী হিসাবে কোম্পানীর কার্যক্রম শুরুর তারিখঃ	০১ জুলাই, ১৯৮৯।
০৮	তেল ও গ্যাস অনুসন্ধান ছাড়াও উৎপাদন কোম্পানী হিসাবে সরকার কর্তৃক অনুমোদন প্রদানের তারিখঃ	২৯ ফেব্রুয়ারী, ২০০০।
০৯	পাবলিক লিমিটেড কোম্পানী (অনুসন্ধান ও উৎপাদন) হিসাবে নিবন্ধিতঃ	২৩ এপ্রিল, ২০০২।
১০	কোম্পানীর কূপ খনন ও গ্যাস আবিষ্কারের সফলতার হারঃ	২:১
১১	কোম্পানীর পরিচালকমন্ডলীর ১ম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হওয়ার তারিখঃ	২৯ জুলাই, ১৯৯২।
১২	কোম্পানীর পরিচালকমন্ডলীর সদস্য সংখ্যাঃ	০৭ (সাত) জন।
১৩	গ্যাস সরবরাহকৃত কোম্পানীর নামঃ	টিজিটিডিসিএল, বিজিডিসিএল, কেজিডিসিএল, জিটিসিএল, এসজিসিএল
১৪	কনডেনসেট সরবরাহকৃত কোম্পানীর নাম	বিজিএফসিএল, এসজিএফএল এবং বিপিসি
১৫	কোম্পানীর মোট অনুমোদিত মূলধনের পরিমাণঃ	৩০০ (তিনশত) কোটি টাকা।
১৬	কোম্পানীর পরিশোধিত মূলধনের পরিমাণঃ	১২০ (একশত বিশ) কোটি টাকা যা ১২০ (একশত বিশ) লক্ষ শেয়ারে বিভক্ত।

## ২। GDF অর্থায়নে পরিচালিত (অনুমোদিত) প্রকল্পসমূহের অগ্রগতির প্রতিবেদন

### ২.১ Drilling of 2Nos Exploratory Wells (Tabgi-1 & Illisha-1) and 1No Appraisal cum Development Well (Bhola North-2):

১। প্রকল্পের নামঃ	<b>Drilling of 2Nos Exploratory Wells (Tabgi-1 &amp; Illisha-1) and 1No Appraisal cum Development Well (Bhola North-2):</b>	
২। প্রকল্প অনুমোদন পর্যায়:	প্রকল্পটি অনুমোদিত কিন্তু আরডিপি'তে এখনও অন্তর্ভুক্ত হয়নি।	
৩। প্রকল্পের অবস্থান:	বোরহানুদ্দিন, ভোলা।	
৪। বাস্তবায়ন কাল:	জানুয়ারি, ২০২১ হতে জুলাই, ২০২৩। জানুয়ারি, ২০২১ হতে ডিসেম্বর, ২০২৩ (প্রথম সংশোধিত)।	
	<u>ডিপিপি অনুযায়ী</u>	<u>আরডিপিপি অনুযায়ী</u>
৫। প্রকল্প ব্যয়:	স্থানীয় মুদ্রা : ১৪,৫৪২.০০ লক্ষ টাকা	বাপেক্সের নিজস্ব তহবিল: ৯২৬৫.০০ (৫৮৩২.০০)
	নগদ বৈঃ মুদ্রা : ৫৪,৯২১.০০ লক্ষ টাকা	গ্যাস উন্নয়ন তহবিল (জিডিএফ): ৮০৯৫৭ (৬৬৩১৬.০০)
	মোট : ৬৯,৪৬৩.০০ লক্ষ টাকা	মোট : ৯০২২২.০০ (৭২১৪৮.০০)
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যঃ	<p>i) To drill two exploratory wells namely “Tabgi-1 &amp; Illisha-1” and one appraisal cum development well namely “Bhola North-2” with a view to discovering oil/gas to increase the countrys gas reserve and production;</p> <p>ii) Subject to discovery of oil and gas; additional 459.00 BCF recoverable oil/gas reserve of the country will be increased and additional 26-55 MMSCFD oil/gas will be produced from this project.</p>	
৭। প্রক্রিয়াধীন অগ্রগতিঃ	<p>১. EPC ঠিকদার গ্যাজপ্রমের মাধ্যমে গত ২৬.১০.২০২২ তারিখ টবগী-১ কূপ খনন পরবর্তী ডিএসটি, টেস্টিং ও আনুষ্ঠানিক কার্যক্রম সম্পন্ন পরবর্তী উক্ত কূপে গ্যাস জোন আবিষ্কার সংক্রান্ত চূড়ান্ত প্রতিবেদন প্রস্তুত করা হচ্ছে। টেস্টিং কার্যক্রমে উক্ত কূপ হতে দৈনিক ২০(±) মিলিয়ন ঘনফুট হারে গ্যাস উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।</p> <p>২. পরবর্তীতে গ্যাজপ্রমের মাধ্যমে গত ২৩.০১.২০২৩ তারিখ প্রকল্পের ভোলা নর্থ-২ কূপ সফল খনন পরবর্তী ডিএসটি, টেস্টিং পরবর্তী উক্ত কূপ হতে দৈনিক ২০.৫০(±) মিলিয়ন ঘনফুট হারে গ্যাস উৎপাদনের লক্ষ্যমাত্রা পরীক্ষিত হয়েছে।</p> <p>৩. প্রকল্পের আওতায় পরবর্তী ৩য় ও সর্বশেষ কূপ ইলিশা-১ কূপ এর সফল খনন সমাপ্ত পরবর্তী গত ২৮.০৪.২০২৩ তারিখে ১ম ডিএসটি, টেস্টিং পরবর্তী উক্ত কূপ হতে নতুন গ্যাস স্তর আবিষ্কারসহ ৩টি জোন হতে দৈনিক গড়ে ২০.০০ (±) মিলিয়ন ঘনফুট হারে গ্যাস উৎপাদনের সম্ভাবনা পরিলক্ষিত হয়েছে। সার্বিক কারিগরি তথ্য উপাত্তের ভিত্তিতে গত ২২.০৫.২০২৩ তারিখে ইলিশা'কে দেশের ২৯তম গ্যাস ক্ষেত্র হিসেবে সরকারীভাবে ঘোষণা প্রদান করা হয়। যা প্রকল্পের জন্য উল্লেখযোগ্য অর্জন।</p> <p>৪. গ্যাজপ্রমের মাধ্যমে সফলভাবে ৩টি কূপের খনন এবং চূড়ান্ত কমপ্লিশন কার্যক্রম সম্পন্ন পরবর্তী উক্ত কূপ হতে গ্যাস স্লেফা সংক্রান্ত চূড়ান্ত প্রতিবেদন প্রস্তুত করে বাপেক্স বরাবরে হস্তান্তর করা হয়েছে।</p> <p>৫. রিগ ও আনুষ্ঠানিক মালামাল, জনবল, তৃতীয় পক্ষীয় সার্ভিস ডিমোবিলাইজেশনের নিমিত্ত ইলিশা স্থাপনায় রিগ ডাউন করে প্রস্তুত রাখা হয়েছে। তবে গ্যাজপ্রম কর্তৃক এ পর্যায়ে রিগ ডি মোবিলাইজেশন করা হবে না মর্মে অবহিত করা হয়েছে। উল্লেখ্য প্রকল্পের আরডিপিপি অনুযায়ী ডি-মোবিলাইজেশন বাবদ ব্যয় বাপেক্সের নিজস্ব অর্থায়নের উৎস হতে নির্বাহ করার সংস্থান রাখা হয়েছে।</p> <p>৬. প্রকল্পের অন্তর্ভুক্ত টবগী-১, ইলিশা-১ এবং ভোলা নর্থ-২ কূপ খনন এলাকার ভূমি উন্নয়ন ও কূপ খনন এলাকাসমূহে গমনের সংযোগ সড়ক নির্মাণ সংক্রান্ত কার্যক্রম চলমান আছে। তন্মধ্যে টবগী-১, ইলিশা-১ ও ভোলা নর্থ-২ কূপ এলাকার ভূমি উন্নয়ন এবং গ্রামীণ সড়ক নির্মাণ / উন্নয়ন কার্যক্রম সন্তোষজনক ভাবে শতভাগ কাজ সম্পন্ন হয়েছে।</p> <p>৭. প্রকল্পের অন্তর্ভুক্ত যানবাহন হায়ারিং করন সম্পন্ন করা হয়েছে। এছাড়া কম্পিউটার, আসবাবপত্র, অফিস সারঞ্জাম ক্রয় কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। পল্লী বিদ্যুৎ সংযোগ কার্যক্রম গ্রহণের অংশ হিসেবে টবগী-১, ভোলা নর্থ-২ কূপ স্থাপনায় বিদ্যুৎ সংযোগ সম্পন্ন হয়েছে এবং এবং এতদসংক্রান্ত বিভিন্ন মালামাল ক্রয় কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। প্রকল্পের কার্যক্রম বিবেচনায় স্বল্প মূলধন খাতে প্রদেয় কার্যাদেশের বিপরীতে বিভিন্ন কার্যক্রম সমাপ্ত হয়েছে।</p>	
৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (ডিসেম্বর, ২০২৩ পর্যন্ত):	- স্থানীয় মুদ্রা : ১৫৫৫০.২৩ লক্ষ টাকা	
	নগদ বৈদেশিক মুদ্রা : ৬৪১৪৯.০০ লক্ষ টাকা	
	মোট : ৭৯৬৯৯.২৩ লক্ষ টাকা	
৯। ডিপিপি'র বিপরীতে অগ্রগতির শতকরা হার:	বাস্তব : ৮৮.৩৪%	আর্থিক : ৮৮.৩৪%

**২.২ Bijoy 10, 11, 12, IDECO Rig Maintenance, IPS Rig Upgradation & Rig Supporting Equipment Replacement Project**

১। প্রকল্পের নামঃ	Bijoy 10, 11, 12, IDECO Rig Maintenance, IPS Rig Upgradation & Rig Supporting Equipment Replacement Project	
২। প্রকল্প অনুমোদন পর্যায়:	প্রকল্পটি ০৭-০৭-২০২১ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত।	
৩। প্রকল্পের অবস্থান:	চট্টগ্রাম, শরিয়তপুর, সিলেট এবং ভোলা জেলা।	
৪। বাস্তবায়ন কাল:	জুলাই, ২০২১ হতে ডিসেম্বর, ২০২৩	
৫। প্রকল্প ব্যয়:	<p style="text-align: center;"><u>মূল</u></p> স্থানীয় মুদ্রা : ৪,৩৩২.০০ লক্ষ টাকা নগদ বৈদেশিক মুদ্রা : ১৫,৬২০.০০ লক্ষ টাকা মোট : ১৯,৯৫২.০০ লক্ষ টাকা	
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যঃ	The main objective is to <ul style="list-style-type: none"> <li>➤ Strengthening of Exploration &amp; Development Drilling and Workover activities of BAPEX through repairing 4 rigs and upgrading 1 rig.</li> <li>➤ Ensureing continuous drilling activity by replacing Rig supporting equipment.</li> </ul>	
৭। প্রক্রিয়াধীন অগ্রগতিঃ	<ol style="list-style-type: none"> <li>১. ২টি ফর্ক লিফট, ২টি ক্রেন, ১টি আয়রন রাফনেক, ১টি চোক ম্যানিফোল্ড সরবরাহ করা হয়েছে।</li> <li>২. বিজয়-১০, ১১, ১২ রিগসমূহের ডাইভ সিস্টেম স্পেসার্স প্রতিস্থাপন এর দরপত্র মূল্যায়ন শেষে চুক্তি সম্পাদন করা হয়েছে। বিজয়-১১ রিগের রিগ জেনারেটর এবং ওয়েল্ডিং জেনারেটর ও কম্প্রেসর ক্রয়ের L/C স্থাপন করা হয়েছে।</li> <li>৩. Canrig Facilities এ ২টি Canrig টপ ডাইভ ওভারহোলিং-এর নিমিত্ত ১ম ধাপে বিজয়-১০ রিগের টপ ডাইভের ওভারহোলিং এর কাজ শেষ হয়েছে। বিজয়-১২ রিগের টপ ডাইভের ওভারহোলিং এর জন্য Export করা হয়েছে। দুবাইতে ওভারহোলিং এর কাজ শুরু হয়েছে।</li> <li>৪. আইপিএস রিগ আপগ্রেডেশন এর লক্ষ্যে ক্রয়কৃত মালামাল এবং সলিড কন্ট্রোল ইকুইপমেন্ট কসবা কুপ এলাকায় স্থানান্তর করা হয়েছে। IPS রিগের মালামালের Joint Inspection করা হয়েছে। রিগ জেনারেটর এর LC স্থাপন করা হয়েছে।</li> <li>৫. আরএফকিউ পদ্ধতিতে মেরামত ও স্থানীয় ক্রয় কার্যক্রম চলমান রয়েছে।</li> </ol>	
৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (ডিসেম্বর, ২০২৩ পর্যন্ত):	স্থানীয় মুদ্রা : ২১৫০.০৪ লক্ষ টাকা নগদ বৈদেশিক মুদ্রা : ১০৫৩০.০০ লক্ষ টাকা মোট : ১২৬৮০.০৪ লক্ষ টাকা	
৯। ডিপিপি'র বিপরীতে অগ্রগতির শতকরা হার:	বাস্তব ৬৪.৮০ %	আর্থিক ৬৩.৫৫ %

## ২.৩

## 2D Seismic Survey Over Exploration Block 15 &amp; 22.

১। প্রকল্পের নামঃ	<b>2D Seismic Survey Over Exploration Block 15 &amp; 22.</b>	
২। প্রকল্প অনুমোদন পর্যায়ঃ	প্রকল্পটি ২৬-০৭-২০২১ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত।	
৩। প্রকল্পের অবস্থানঃ	কুমিল্লা, ফেনী, নোয়াখালী, চট্টগ্রাম, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, বান্দরবন, কক্সবাজার জেলার বিভিন্ন এলাকা।	
৪। বাস্তবায়ন কালঃ	০১ জুলাই, ২০২১ হতে জুন, ২০২৪।	
৫। প্রকল্প ব্যয়ঃ	স্থানীয় মুদ্রা	: ৩,৩৬৯.৫০ লক্ষ টাকা
	নগদ বৈদেশিক মুদ্রা	: ১১,৪৬৮.৫০ লক্ষ টাকা
	মোট	: ১৪,৮৩৮.০০ লক্ষ টাকা
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যঃ	<ul style="list-style-type: none"> <li>➤ Identify probable leads/prospects by conducting seismic survey to delineate drillable subsurface structure.</li> <li>➤ Identify the probable structure/stratigraphic/fault traps.</li> <li>➤ Find out new exploratory well location to enhance hydrocarbon resource/reserve.</li> </ul>	
৭। প্রক্রিয়াধীন অগ্রগতিঃ	<p>১. প্রকল্পের জন্য নির্ধারিত মোট ৩০০০ লাইন কি.মি. উপাত্ত সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণ কার্যক্রম সমাপ্ত হয়েছে। সার্ভিস প্রোভাইডার কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনসমূহ রিভিউ করা হচ্ছে। প্রকল্পের ডাটা দ্রুত বিশ্লেষণ শেষ করে কূপ খনন লোকেশন নির্ধারণ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করা হচ্ছে।</p> <p>২. প্রকল্পের আওতায় বর্তমানে স্থানীয় ২ জন বিষয়ভিত্তিক বিশেষজ্ঞ উপাত্ত বিশ্লেষণ সংক্রান্ত প্রতিবেদন দাখিল করেছেন এবং প্রকল্পের সাইসমিক সার্ভিস প্রোভাইডার সিনোপেক, চায়না কর্তৃক প্রস্তুতকৃত রিপোর্টসমূহ রিভিউ করছেন। প্রকল্পের সার্ভিস প্রোভাইডার সিনোপেকের সাথে চুক্তি অনুযায়ী ২০ নভেম্বর'২৩ হতে মন্ত্রণালয়, পেট্রোবাংলা ও বাপেক্স সমন্বয়ে গঠিত টিম চায়না ভিজিট করছেন।</p> <p>৩. ২০২৩-২০২৪ অর্থ বছরের এডিপি ৮০০.০০ লক্ষ টাকা এবং ৩৪৮.২৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে।</p>	
৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (ডিসেম্বর, ২০২৩ পর্যন্ত):	স্থানীয় মুদ্রা	: ৩০৬২.২৫ লক্ষ টাকা
	নগদ বৈদেশিক মুদ্রা	: ১১১২৩.০০ লক্ষ টাকা
	মোট	: ১৪১৮৫.২৫ লক্ষ টাকা
৯। ডিপিপি'র বিপরীতে অগ্রগতির শতকরা হারঃ	বাস্তব	আর্থিক
	৯৬.৫০%	৯৫.৬০%

## ২.৪ Procurement & Installation of Wellhead Compressors at Srikail Gas Field

১। প্রকল্পের নামঃ	<b>Procurement &amp; Installation of Wellhead Compressors at Srikail Gas Field.</b>	
২। প্রকল্প অনুমোদন পর্যায়ঃ	প্রকল্পটি ০৩-০৮-২০২১ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত।	
৩। প্রকল্পের অবস্থানঃ	মুরাদনগর, কুমিল্লা, চট্টগ্রাম।	
৪। বাস্তবায়ন কালঃ	০১ জুলাই, ২০২১ হতে ডিসেম্বর, ২০২৩।	
৫। প্রকল্প ব্যয়ঃ	স্থানীয় মুদ্রা	: ৩,৩২০.০০ লক্ষ টাকা
	নগদ বৈঃ মুদ্রা	: ১৫,৯২০.০০ লক্ষ টাকা
	মোট	: ১৯,২৪০.০০ লক্ষ টাকা
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যঃ	➤ To increase the inlet gas pressure of process plant by installing wellhead compressors downstream of wellhead for extracting maximum amount of gas by maintaining the operating pressure of the process plant and sales/transmission line.	
৭। প্রক্রিয়াধীন অগ্রগতিঃ	<p>১. শ্রীকাইল গ্যাসফিল্ডে Wellhead Compressor ও আনুষঙ্গিক ফ্যাসিলিটিজ ক্রয়পূর্বক সংগ্রহ ও স্থাপনের লক্ষ্যে Internatioal Consultancy Service Provider SPG STEINER GmbH, Germany কর্তৃক দরপত্র দলিল চূড়ান্ত করা হয়।</p> <p>২. ১৪ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে অনুষ্ঠিত পিপিপি এর সভার সিদ্ধান্ত/সুপারিশ মতে বিদ্যুৎ ও জ্বালানি দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) আইন, ২০১০ (২০২১ সালের সর্বশেষ সংশোধনসহ) এর ধারা ৬(১) (ক) অনুসারে সীমিত সময় (৩০ দিন) প্রদান করে জাতীয় পত্রিকায় বিজ্ঞাপন প্রদানের মাধ্যমে ২১ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে Invitation for Tender (IFT) আহবান করা হয়।</p> <p>৩. পিপিপি সভায় কারিগরি উপ-কমিটি কর্তৃক দাখিলকৃত কারিগরি ও আর্থিক মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনের প্রেক্ষিতে ২২ জুন ২০২৩ তারিখে পিপিপি সভার সিদ্ধান্ত/সুপারিশ মোতাবেক আর্থিক মূল্যায়ন প্রতিবেদনের সঙ্গে সামঞ্জস্য রেখে টাকার পরিমাণ ও প্রকল্পের বাস্তবায়নকাল (১ জুলাই ২০২১ হতে ৩১ ডিসেম্বর ২০২৩ এর পরিবর্তে ১ জুলাই ২০২১ হতে ৩১ ডিসেম্বর ২০২৫ পর্যন্ত) সংশোধন করে সংশোধিত ডিপিপি অনুমোদনের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়। ২২ নভেম্বর ২০২৩ তারিখে মাননীয় মন্ত্রী (মাননীয় প্রধানমন্ত্রী) কর্তৃক সংশোধিত ডিপিপি এর অনুমোদন পাওয়ায় ২৮ নভেম্বর ২০২৩ তারিখ জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ হতে ১ম সংশোধিত ডিপিপি'র প্রশাসনিক অনুমোদন পাওয়া যায়।</p> <p>৪. ০৪ ডিসেম্বর ২০২৩ তারিখে অনুষ্ঠিত পিপিপি সভার সিদ্ধান্ত মোতাবেক সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদনের নিমিত্ত সরকারী ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির অনুমোদন গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়।</p> <p>৫. প্রকল্পের অনুকূলে চলতি ২০২৩-২৪ অর্থবছরের এডিপিতে বরাদ্দকৃত ১০০.০০ লক্ষ টাকার মধ্যে ২১ সেপ্টেম্বর ২০২৩ তারিখে গ্যাস উন্নয়ন তহবিল হতে ৪২.০০ (বিয়াল্লিশ) লক্ষ টাকা অর্থছাড় হয়েছে। চলতি ২০২৩-২৪ অর্থবছরের ডিসেম্বর ২০২৩ পর্যন্ত সর্বমোট ২৪.৬৩ লক্ষ টাকা ব্যয় হয়েছে।</p>	
৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (ডিসেম্বর, ২০২৩ পর্যন্ত):	স্থানীয় মুদ্রা	: ১৮৪.১২ লক্ষ টাকা
	নগদ বৈদেশিক মুদ্রা	: ২৫.০০ লক্ষ টাকা
	মোট	: ২০৯.১২ লক্ষ টাকা
৯। ডিপিপি'র বিপরীতে অগ্রগতির শতকরা হারঃ	বাস্তব	আর্থিক
	২.৫০%	১.০৯%

## **২.৫ 1 Exploratory Well (Srikail North-1A) 2 Appraisal cum Development Well (Sundalpur-3 & Begumgonj-4 (West)) Drilling Project.**

১। প্রকল্পের নামঃ	<b>1 Exploratory Well (Srikail North-1A) 2 Appraisal cum Development Well (Sundalpur-3 &amp; Begumgonj-4 (West)) Drilling Project.</b>	
২। প্রকল্প অনুমোদন পর্যায়ঃ	প্রকল্পটি ২৫-০৪-২০২২ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত।	
৩। প্রকল্পের অবস্থানঃ	মুরাদনগর, কুমিল্লা ও কোম্পানীগঞ্জ, সোনাইমুরি, নোয়াখালী, চট্টগ্রাম।	
৪। বাস্তবায়ন কালঃ	০১ মার্চ, ২০২২ হতে জুন, ২০২৪।	
৫। প্রকল্প ব্যয়ঃ	স্থানীয় মুদ্রা	: ৯,৯১৯.০০ লক্ষ টাকা
	নগদ বৈদেশিক মুদ্রা	: ১৮,৫০০.০০ লক্ষ টাকা
	মোট	: ২৮,৪১৯.০০ লক্ষ টাকা
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যঃ	<ul style="list-style-type: none"> <li>➤ Drilling, testing and completion of Exploratory Well Srikail North-1A and Appraisal cum Development Well Sundalpur-3 &amp; Begumgonj-4 (West).</li> <li>➤ Subject to commercially recoverable discovery of oil/gas, from this project gas reserve will be increased by additional 172 BCF and 30 MMSCF gas will be produced daily.</li> </ul>	
৭। প্রক্রিয়াধীন অগ্রগতিঃ	<ol style="list-style-type: none"> <li>১. প্রকল্পের আওতাধীন শ্রীকাইল নর্থ-১ এ অনুসন্ধান কূপের খনন কাজ উদ্বোধন করে ৩৫৮৪ মিটার গভীরতায় খনন সম্পন্ন করে Logging, Casing, Cementing, VSP &amp; DST (Drill Steem Test) কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।</li> <li>২. সুন্দলপুর # ৩ কূপ এলাকা ৬.১৪২৫ একর জমি হকুমদখল শেষে ১১টি প্যাকেজের পূর্ত ও নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। কূপের খনন কাজ শুরু করা হয়েছে। বর্তমানে কূপের খনন গভীরতা ১৯০৯ মিটার।</li> <li>৩. বেগমগঞ্জ # ৪ কূপের বিপরীতে ৫.৪৭৫৫ একর ভূমি হকুম দখল শেষে কূপ এলাকায় ভূমি উন্নয়ন, মাড পিট ও vsp পিট খনন, রিগ ফাউন্ডেশন, রিগ মেশিনারি ফাউন্ডেশন, কূপ এলাকার চারপাশে নিরাপত্তা বেট্টনী ও মাষ্টার ডেন নির্মাণ, স্পেয়ার্স কাম কেমিক্যাল গোডাউন, কর্মকর্তা-কর্মচারী ও অস্থায়ী শ্রমিকদের জন্য টয়লেট কাম বাথ, অস্থায়ী শ্রমিকদের জন্য ডাইনিং কাম রান্নাঘর ও কর্মকর্তাদের জন্য রান্নাঘর নির্মাণ এবং অস্থায়ী শ্রমিক ও নিরাপত্তা প্রহরীদের জন্য আবাসিক শেড নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। ৩টি গভীর নলকূপ স্থাপন সম্পন্ন হয়েছে।</li> <li>৪. প্রকল্পের বিপরীতে স্থানীয় ও বৈদেশিক মালামাল/ফলপাতি, সরঞ্জাম এবং অন্যান্য মালামাল ক্রয় করা হয়েছে।</li> <li>৫. প্রকল্পের বিপরীতে তৃতীয় পক্ষীয় সেবার ০৭টি প্যাকেজের চুক্তি স্বাক্ষর শেষে শ্রীকাইল নর্থ # ১এ সেবাসমূহ গ্রহণ করা হয়েছে। পরবর্তীতে প্রয়োজন অনুসারে সুন্দলপুর-৩ ও বেগমগঞ্জ-৪ (ওয়েস্ট) মূল্যায়ন কাম উন্নয়ন কূপসমূহে উক্ত সেবাসমূহ গ্রহণ করা হবে।</li> </ol>	
৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (ডিসেম্বর, ২০২৩ পর্যন্ত):	স্থানীয় মুদ্রা	: ৫৭৯৭.৭৮ লক্ষ টাকা
	নগদ বৈদেশিক মুদ্রা	: ১০৪২৫.০০ লক্ষ টাকা
	মোট	: ১৬২২২.৭৮ লক্ষ টাকা
৯। ডিপিপি'র বিপরীতে অগ্রগতির শতকরা হারঃ	বাস্তব	আর্থিক
	৫৮.৪০ %	৫৭.০৮

## ২.৬

**2D Seismic Survey Over Exploration Block 6B South and 10 Project.**

১। প্রকল্পের নামঃ	<b>2D Seismic Survey Over Exploration Block 6B South and 10 Project.</b>	
২। প্রকল্প অনুমোদন পর্যায়ঃ	প্রকল্পটি ০৬-০৬-২০২২ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত।	
৩। প্রকল্পের অবস্থানঃ	গোপালগঞ্জ, মাদারীপুর, শরিয়তপুর, ফরিদপুর, বরিশাল, ভোলা, ঝালকাঠি, নোয়াখালী, লক্ষ্মীপুর, কুমিল্লা, চাঁদপুর জেলার বিভিন্ন এলাকা।	
৪। বাস্তবায়ন কালঃ	০১ জুলাই, ২০২২ হতে জুন, ২০২৫।	
৫। প্রকল্প ব্যয়ঃ	স্থানীয় মুদ্রা :	৬,৬৯৯.০০ লক্ষ টাকা
	নগদ বৈদেশিক মুদ্রা :	৮,৪৯৬.০০ লক্ষ টাকা
	মোট :	১৫,১৯৫.০০ লক্ষ টাকা
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যঃ	<ul style="list-style-type: none"> <li>➢ To turn the lease into prospects identified from previously conducted 2D seismic data in exploration Block 6B South and 10 by delineating the presence of sub-surface hydrocarbon in Muladi and adjacent areas having the similar geological characteristics of Bhola Gas Field located on the northern side of this Gas Field.</li> <li>➢ Demarcating exploratory well location on previously identified seismic leads in exploration Block 6B South and 10.</li> <li>➢ Identification of possible drillable subsurface location at potential leads/ prospects and determination of possible structural/stratigraphic/ combination trap located at transitional zone in between Bhola North and Muladi area.</li> </ul>	
৭। প্রক্রিয়াধীন অগ্রগতিঃ	১.	জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সূত্র নং-২৮.০৯.০০০০.০৩৮.১৪.০০১.২২-১৩৬ তারিখ: ৬ জুন ২০২২ এর মাধ্যমে “২ডি সাইসমিক সার্ভে ওভার এক্সপ্লোরেশন ব্লক-৬বি সাউথ এন্ড ১০” শীর্ষক প্রকল্পের প্রশাসনিক অনুমোদন হয়েছে। প্রকল্পের মেয়াদকাল: ০১ জুলাই ২০২২ হতে ৩০ জুন ২০২৫।
	২.	বাপেক্স পরিচালনা পর্ষদের ৪৫৪ তম সভায় Engagement of International Seismic Service Provider এর প্রেক্ষিতে Expression of Interest (EOI) এ অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহের Shortlisting (সংক্ষিপ্ত তালিকা) অনুমোদিত হয়েছে। বাপেক্স পরিচালনা পর্ষদের ৪৬৫ তম সভায় RFP অনুমোদিত হয়েছে। সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রতিষ্ঠান সমূহে RFP প্রেরণ করা হয়েছে এবং RFP মূল্যায়ন প্রতিবেদন দাখিল করা হয়েছে এবং ৪৭৪ তম বাপেক্স বোর্ড সভায় উপস্থাপন করা হয়েছে। উক্ত বোর্ডের সিদ্ধান্তের আলোকে পুনরায় আহ্বানকৃত EOI এর মূল্যায়নের কাজ চলমান আছে।
	৩.	যানবাহন ভাড়া করণের লক্ষ্যে কারিগরি ও আর্থিক মূল্যায়নে গ্রহণযোগ্য প্রতিষ্ঠানের সাথে চুক্তির কার্যক্রম সম্পন্ন হয়েছে ও সেবা গ্রহণ চলমান। অস্থায়ী জনবল নিয়োগের লক্ষ্যে কারিগরি এবং আর্থিক মূল্যায়ন অনুমোদন ও চুক্তির কার্যক্রম সম্পন্ন হয়েছে। সেবা গ্রহণ চলমান।
	৪.	গৌরনদীতে পিট ম্যাগাজিনের লাইসেন্স পাওয়া গিয়েছে আনসার সংযুক্তকরণ সম্পন্ন হয়েছে। বিস্ফোরক দ্রব্যাদি আমদানীর লক্ষ্যে বিস্ফোরক পরিদপ্তর কতৃক Pre-Permit License ইস্যু করা হয়েছে। হাইকমিশন, ইন্ডিয়া হতে NOC পাওয়া গিয়েছে। ঋণপত্র স্থাপন সম্পন্ন হয়েছে। আমদানিকৃত বিস্ফোরক দ্রব্যাদি বাপেক্সের পোমরা ম্যাগাজিন এ স্থানান্তর করা হয়েছে।
	৫.	পজিশনিং/টপোগ্রাফি সার্ভে যন্ত্রপাতি ও হার্ডওয়্যার-সফটওয়্যার এর নতুন করে দরপত্র আহ্বান করে পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির বিপরীতে কোন দরপ্রস্তাব পাওয়া যায়নি। পুনরায় নতুন করে দরপত্র আহ্বান করে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। ২ডি ফিল্ড প্লানিং/ডিজাইন/মান নিয়ন্ত্রক, ফিল্ড প্রসেসিং যন্ত্রপাতি ও হার্ডওয়্যার-সফটওয়্যার এর নতুন করে আহ্বানকৃত দরপত্রের বিপরীতে দরপত্র পাওয়া যায়নি। পুনরায় নতুন করে দরপত্র আহ্বানের লক্ষ্যে কারিগরি বিনির্দেশ প্রস্তুতকরণের কাজ চলমান। ডাটা ইন্টারপ্রিটেশন সিস্টেমের হার্ডওয়্যার-সফটওয়্যার নতুন করে আহ্বানকৃত দরপত্রের কারিগরি মূল্যায়ন সম্পন্ন হয়েছে। আর্থিক মূল্যায়ন চলমান আছে। ড্রিলিং মেশিন এন্ড এক্সেসরিজ এর নতুন করে আহ্বানকৃত দরপত্রের কারিগরি মূল্যায়ন অনুমোদিত হয়েছে এবং আর্থিক প্রতিবেদন দাখিল করা হয়েছে। NOA ইস্যু করা হয়েছে।
	৬.	কমিউনিকেশন যন্ত্রপাতি (ওয়াকিটকি) ক্রয়ের জন্য আন্তর্জাতিক দরপত্র আহ্বান করে পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির বিপরীতে কোন প্রতিষ্ঠান দরপ্রস্তাব দাখিল করেনি। পুনরায় আন্তর্জাতিক দরপত্র আহ্বান এর বিপরীতে দরপত্রের কারিগরি মূল্যায়নে কোন গ্রহণযোগ্য প্রতিষ্ঠান না পাওয়ায় পুনরায় আন্তর্জাতিক দরপত্র আহ্বান করে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে এবং দরপত্র উন্মোচন হয়েছে। কারিগরি মূল্যায়নে কোন গ্রহণযোগ্য প্রতিষ্ঠান পাওয়া যায়নি। “২ডি সাইসমিক সার্ভে ওভার এক্সপ্লোরেশন ব্লক-৬বি সাউথ এন্ড ১০” শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ২য় সভার সিদ্ধান্ত অনুযায়ী কমিউনিকেশন যন্ত্রপাতি (ওয়াকিটকি) ক্রয় বাদ দেয়া যেতে পারে এবং তৎপরিবর্তে অন্য প্রকল্পের ওয়াকিটকি ব্যবহার করা যেতে পারে’ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।
	৭.	ডাটা একুইজিশন সিস্টেমের জন্য হার্ডওয়্যার-সফটওয়্যার ও আনুষঙ্গিক যন্ত্রপাতির দরপত্রের কারিগরি ও আর্থিক মূল্যায়ন সম্পন্ন হয়েছে। LOT-1 এর দরপ্রস্তাব প্রাক্কলিত মূল্য অপেক্ষা বেশী হওয়ায় নতুন করে আহ্বায়িত দরপত্রের কারিগরি আর্থিক মূল্যায়ন সম্পন্ন হয়েছে এবং LOT-2 এর আওতায় সর্বনিম্ন দরদাতার নিকট NOA ইস্যু করা হয়েছে ও দরদাতা PG প্রদান করেছে। ক্রয়াদেশ প্রদান করা হয়েছে এবং ঋণপত্র স্থাপন করা হয়েছে। PSI সম্পন্ন হয়েছে।
	৮.	হার্ডওয়্যার-সফটওয়্যারসহ ২ডি ডাটা প্রসেসিং সিস্টেম এর উন্মোচিত দরপত্রের কারিগরি ও আর্থিক মূল্যায়ন অনুমোদন হয়েছে। সর্বনিম্ন দরদাতার নিকট NOA ইস্যু করা হয়েছে ও দরদাতা PG প্রদান করেছে এবং ক্রয়াদেশ প্রদান করা হয়েছে।
৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (ডিসেম্বর, ২০২২ পর্যন্ত):	স্থানীয় মুদ্রা :	১২১৫.২৯৭ লক্ষ টাকা
	নগদ বৈদেশিক মুদ্রা :	২৯৭.০০ লক্ষ টাকা
	মোট :	১৫১২.২৯৭ লক্ষ টাকা
৯। ডিপিপি’র বিপরীতে অগ্রগতির শতকরা হারঃ	বাস্তব	আর্থিক
	১০.৬০%	৯.৯২%

## ২.৭ 3D Seismic Survey Over Zakiganj and Patharia West Project.

১। প্রকল্পের নামঃ	<b>3D Seismic Survey Over Zakiganj and Patharia West Project.</b>	
২। প্রকল্প অনুমোদন পর্যায়ঃ	প্রকল্পটি ২৫-০৪-২০২২ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত।	
৩। প্রকল্পের অবস্থানঃ	সিলেট ও মৌলভীবাজার জেলার সিলেট সদর, জকিগঞ্জ, কুলাউরা এবং বড়লেখা উপজেলা।	
৪। বাস্তবায়ন কালঃ	০১ মার্চ, ২০২২ হতে ৩০ জুন, ২০২৪।	
৫। প্রকল্প ব্যয়ঃ	স্থানীয় মুদ্রা	: ৬,৪৪৮.০০ লক্ষ টাকা
	নগদ বৈদেশিক মুদ্রা	: ৪,৬৫৬.০০ লক্ষ টাকা
	মোট	: ১১,১০৪.০০ লক্ষ টাকা
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যঃ	<ul style="list-style-type: none"> <li>➤ To Acquire 580 sq.km. 3D seismic data over exploration block 13 &amp; 14 among them 200 sq.km. area over Zakiganj structure of Zakiganj Upazilla under Sylhet District and 380 sq.km. area over Patharia West structure of Borolekha and Kulaura Upazilla under Moulavi bazar district.</li> <li>➤ After completion of processing and interpretation of the acquired data the main purposes is to identify new hydrocarbon filled reservoir and calculate the amount of hydrocarbon and to identify new exploratory, appraisal and development well location of project area.</li> </ul>	
৭। প্রক্রিয়াধীন অগ্রগতিঃ	<ol style="list-style-type: none"> <li>১. জকিগঞ্জ গ্যাসক্ষেত্রের ২০০ বর্গ কি.মি. এলাকায় ৩ডি সাইসমিক উপাত্ত সংগ্রহ কার্যক্রম সম্পন্ন হয়েছে। সংগৃহীত ৩ডি সাইসমিক উপাত্ত সমূহের মূল প্রক্রিয়াকরণ কার্য সম্পন্ন হয়েছে, Pre Stack Depth Migration প্রক্রিয়াকরণ চলমান রয়েছে। জকিগঞ্জ উপাত্ত সমূহের প্রাথমিক বিশ্লেষণের কাজ শুরু হয়েছে।</li> <li>২. পাথারিয়া ভূগঠনের ৩৮০ বর্গ কি.মি. এর মধ্যে ১৩৬ বর্গ কি.মি. সার্ভে, ৯৬ বর্গ কি.মি. ড্রিলিং এবং ৫০ বর্গ কি.মি. রেকর্ডিং কার্যক্রম সম্পন্ন হয়েছে।</li> <li>৩. বিস্ফোরক দ্রব্যাদি সংরক্ষণের জন্য প্রকল্প এলাকায় পিট ম্যাগাজিন স্থাপন সম্পন্ন হয়েছে এবং নিরাপত্তার জন্য সশস্ত্র আনসার মোতায়েন করা হয়েছে। উপাত্ত সংগ্রহ কাজে ব্যবহারের জন্য পোমড়া ম্যাগাজিন হতে বিস্ফোরক দ্রব্যাদি প্রকল্প এলাকায় স্থানান্তর করা হয়েছে।</li> <li>৪. ড্রিলিং মেশিনারিজ এন্ড এক্সেসরিজ, ফিল্ড প্ল্যানিং/ডিজাইন/ফিল্ড প্রসেসিং যন্ত্রপাতি, হার্ডওয়্যার ও সফটওয়্যার, ৩ডি সাইসমিক ডাটা প্রসেসিং সিস্টেম এবং বিস্ফোরক দ্রব্যাদি ক্রয় কার্যক্রম সম্পন্ন হয়েছে।</li> <li>৫. হার্ডওয়্যার-সফটওয়্যারসহ ৩ডি ডাটা একুইজিশন সিস্টেম ইন্সটলেশন ও কমিশনিং সম্পন্ন হয়েছে।</li> <li>৬. যন্ত্রপাতি ও সরঞ্জামাদি মেরামত কার্যক্রম চলমান রয়েছে।</li> <li>৭. পজিশনিং/টপো সার্ভে যন্ত্রপাতি, হার্ডওয়্যার-সফটওয়্যার ক্রয় কার্যক্রমে PSI সম্পন্ন হয়েছে এবং শিপিং কার্যক্রম চলমান রয়েছে।</li> <li>৮. হার্ডওয়্যার-সফটওয়্যারসহ ৩ডি সাইসমিক ডাটা ইন্টারপ্রিটেশন সিস্টেম ক্রয়ের লক্ষ্য লট-১ এবং লট-২ এর ইন্সটলেশন ও কমিশনিং কাজ সম্পন্ন হয়েছে।</li> <li>৯. বিশেষজ্ঞ সেবা গ্রহণের নিমিত্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সমূহের সাথে চুক্তি সম্পাদন সম্পন্ন হয়েছে। ঋণপত্র স্থাপন চলমান।</li> <li>১০. ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য আরএফকিউ পদ্ধতিতে ৫টি প্যাকেজের স্থানীয় ক্রয় কার্যক্রমের মধ্যে ৩টি প্যাকেজের মালামাল সংগ্রহ কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং ২টি প্যাকেজ চলমান রয়েছে। ডিসেম্বর, ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জীভূত অগ্রগতি ৪,২৩১.০৬ লক্ষ টাকা।</li> </ol>	
৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (ডিসেম্বর, ২০২৩ পর্যন্ত):	স্থানীয় মুদ্রা	: ২৩৭২.০৬ লক্ষ টাকা
	নগদ বৈদেশিক মুদ্রা	: ১৮৫৯.০০ লক্ষ টাকা
	মোট	: ৪২৩১.০৬ লক্ষ টাকা
৯। ডিপিপি'র বিপরীতে অগ্রগতির শতকরা হারঃ	বাস্তব	আর্থিক
	৩৯.৪০%	৩৮.১০%

## ৩। এনভায়রনমেন্ট এন্ড সেইফটি বিষয়ক প্রতিবেদন

গৃহীত পদক্ষেপ		দুর্ঘটনা সম্পর্কীয় তথ্যাদি
পরিবেশ	সেইফটি	
১) কোম্পানীর ঢাকাস্থ দপ্তরসমূহ নিয়মিত ভাবে পরিষ্কার-পরিচ্ছন্ন করা হয়। নিরাপত্তামূলক ব্যবস্থায় ক্লোজ সার্কিট ক্যামেরার মাধ্যমে সার্বক্ষণিক মনিটরিং করা হচ্ছে।	১) প্রধান কার্যালয়ে প্রবেশের ক্ষেত্রে নিরাপত্তার জন্য বহিরাগত ব্যক্তির তথ্যাদি এন্ট্রি বইয়ে সংরক্ষণ সংরক্ষণ করা হয়ে থাকে। কোম্পানীর প্রধান কার্যালয়ে বিভিন্ন তলায় স্থাপিত এক্সটিংগুইশারগুলোর মেয়াদ হাল নাগাদ করা আছে এবং যে কোন দুর্ঘটনার সময় ব্যবহারের লক্ষ্যে প্রস্তুত রাখা হয়েছে। Pandemic (COVID-19) মোকাবেলায় স্বাস্থ্য মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। পেশাগত দায়িত্ব পালনে স্বাস্থ্যবিধি মেনে মাস্ক পরিধান করে দায়িত্ব পালন করা হচ্ছে।	প্রতিবেদনকালীন মাসে কোম্পানীর কোন ফিল্ড/স্থাপনা/বিভাগে অপারেশনাল, রক্ষণাবেক্ষণ ও পরিবেশগত কোনরূপ দুর্ঘটনা/অনুঘটনা ঘটেনি।
২) কোম্পানীর ঢাকায় চলাচলরত পেট্রোলচালিত যানবাহনের মধ্যে অধিকাংশ যানবাহনকে সিএনজিতে রূপান্তর করা হয়েছে।	২) প্রধান কার্যালয়ের প্রবেশ পথে ও প্রতিটি তলায় নিরাপত্তা প্রহরীগণ নিরাপত্তা কাজে নিয়োজিত আছেন।	
৩) বাপেক্সের ডাটা ম্যানেজমেন্ট উপ-বিভাগের টেপ প্রিজারভেশন কক্ষ সংরক্ষিত ম্যাগনেটিক টেপ ও অন্যান্য ডকুমেন্টস এবং ডাটা প্রিজারভেশন কক্ষে সংরক্ষিত সাইসমিক সেকশন, ওয়েল লগ, বিভিন্ন রিপোর্ট ইত্যাদির হার্ড কপি ডাটা প্রয়োজনীয় সহায়ক পরিবেশে সংরক্ষণের জন্য এয়ারকুলার ও ডিহিউমিডিফায়ারের সাহায্যে অফিস সময়ের পর এবং সরকারী ছুটির দিনে টেপ ও ডাটা স্টোরের তাপমাত্রা ও আদ্রতা নিয়ন্ত্রণ করা হয়।	৩) বাপেক্সের ডাটা সেন্টারের মজুদকৃত ডাটার জন্য পেট্রোসেন্টারের ১০ম তলায় ডাটা সেন্টার অফিসে ১৭টি অগ্নিনির্বাপক যন্ত্র সচল রাখার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।	
৪) বাপেক্সের পরীক্ষাগারে ব্যবহৃত যন্ত্রপাতি ও রাসায়নিক দ্রব্যাদি সংশ্লিষ্ট ম্যানুয়ালে বর্ণিত নিয়মানুযায়ী স্থাপিত ও ব্যবহৃত হয়ে থাকে।	৪) বাপেক্সের পরীক্ষাগারে সেইফটি বিধিমালায় আলোকে যথাযথ সতর্কতা অবলম্বন করে অত্র বিভাগের কার্যাদি পরিচালিত হয়ে আসছে।	
৫) ওয়েল সার্ভিসেস বিভাগের কার্যক্রম সেইফটি বিধিমালায় আলোকে যথাযথ সতর্কতা অবলম্বন করে বিভিন্ন কেমিক্যালের MSDS Sheet অনুযায়ী পরিচালিত হচ্ছে।	৫) ওয়েল সার্ভিসেস বিভাগের বিভিন্ন উপ-বিভাগসমূহে ব্যবহৃত ইকুইপমেন্ট, যন্ত্রপাতি ও কেমিক্যাল যথাযথ নিয়ম মেনে ব্যবহার করা হয়েছে।	
৬) ফেঞ্চুগঞ্জ গ্যাস ক্ষেত্র এলাকায় বিভিন্ন সময়ে রোপনকৃত বিভিন্ন প্রকার বনজ, ফলজ, ঔষধি ও ফুলের গাছ ও বাগান নিয়মিত পরিচর্যা ও পরিচ্ছন্ন রাখা হয়েছে। প্রসেস প্লান্ট, সিকিউরিটি পোস্ট, মেইন গেট, স্ক্রীম পিট, গ্যাদারিং লাইন, ট্যাংক এলাকা পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজ নিয়মিত চলছে। সার্বক্ষণিক First Aid ব্যবস্থা রাখা আছে।	৬) ফেঞ্চুগঞ্জ গ্যাস ক্ষেত্রে নিরাপত্তা প্রহরী/আনসার দ্বারা সার্বক্ষণিক নিরাপত্তা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। গ্যাস ক্ষেত্রের প্রবেশ ফটক সার্বক্ষণিক বন্ধ থাকে এবং নিরাপত্তা কর্মী নিয়োজিত আছে। গ্যাস ক্ষেত্রের নিরাপত্তা ও পর্যবেক্ষণের জন্য কেপিআই সার্ভে টিম ও ভিজিলেন্স টিম সময় সময়ে পরিদর্শন করে থাকে। উক্ত স্থাপনায় বিভিন্ন সেইফটি সাইন রয়েছে। নিরাপত্তামূলক ব্যবস্থা ক্লোজ সার্কিট ক্যামেরার মাধ্যমে মনিটরিং করা হচ্ছে।	
৭) সালদানদী গ্যাস ক্ষেত্র এলাকা নিয়মিত ভাবে পরিষ্কার-পরিচ্ছন্ন করা সালদানদী গ্যাস ক্ষেত্রের কর্মকর্তা-কর্মচারীগণের ক্যাম্পসহ প্রসেস প্লান্ট এলাকার সর্বত্র বিভিন্ন ধরনের ঘাস, আগাছা পরিষ্কার করাসহ ফলজ, বনজ ও ঔষধি গাছের নিয়মিত পরিচর্যা করা হচ্ছে। সার্বক্ষণিক First Aid ব্যবস্থা রাখা আছে।	৭) সালদানদী গ্যাস ক্ষেত্রে নিরাপত্তা চৌকিসমূহে সার্বক্ষণিক নিরাপত্তার স্বার্থে নিজ নিজ দায়িত্ব-কর্তব্য পালনে নিয়োজিত আনসার/নিরাপত্তা প্রহরীগণের মধ্যে ০১ জন পিসি এবং ০১ জন এপিসি তাদের তদারকির দায়িত্বে কর্মরত আছেন। এছাড়া অতিরিক্ত নিরাপত্তার লক্ষ্যে ০৩ জন কর্মকর্তা নিরাপত্তা তত্ত্বাবধানে নিয়োজিত আছেন। সালদানদী গ্যাস ক্ষেত্রে বর্তমানে ২৪ টি অগ্নিনির্বাপকযন্ত্র দুর্ঘটনার সময় ব্যবহার করার লক্ষ্যে প্রস্তুত রাখা হয়েছে।	
৮) সেমুতাং গ্যাসক্ষেত্রের কর্মকর্তা-কর্মচারীগণের ক্যাম্পসহ প্রসেস প্লান্ট এলাকার সর্বত্র বিভিন্ন ধরনের ঘাস, আগাছা পরিষ্কার করা হয়েছে।	৮) সেমুতাং গ্যাসক্ষেত্রের বিভিন্ন স্থানের অগ্নিনির্বাপক যন্ত্র ও হাইড্রেন্ট লাইনসমূহ কার্যক্ষম করে যথাস্থানে স্থাপন করা হয়েছে।	

গৃহীত পদক্ষেপ		দুর্ঘটনা সম্পর্কীয় তথ্যাদি
পরিবেশ	সেইফটি	
৯) শাহবাজপুর গ্যাসক্ষেত্রের ১ নং ও ২ নং কুপ এলাকায় ফলজ, বনজ ও ঔষধি বৃক্ষসমূহ ও বাগান নিয়মিত পরিচর্যা করা হয়েছে।	৯) শাহবাজপুর গ্যাসক্ষেত্রে অগ্নিনির্বাপক যন্ত্র ও হাইড্রেন্ট লাইনসমূহ কার্যক্রম করে যথাস্থানে স্থাপন করা হয়েছে। কন্ট্রোল রুম ও বিভিন্ন স্থানে স্থাপিত ফায়ার/স্মোক ডিটেকটর ও অ্যালার্ম ডিভাইসগুলো নিয়মিত চেক করা হয়।	
১০) শ্রীকাইল গ্যাস ক্ষেত্রে বিভিন্ন ধরনের ঘাস, আগাছা পরিষ্কার করাসহ ফলজ, বনজ ও ঔষধি গাছের নিয়মিত পরিচর্যা করা হচ্ছে। কর্মকর্তাগণ ক্যাম্পসহ প্রসেস প্লান্ট এলাকা নিয়মিত সরেজমিনে পরিদর্শনপূর্বক উপযোগী পরিবেশ বজায় রাখতে ব্যবস্থা গ্রহণ করে থাকে।	১০) শ্রীকাইল গ্যাস ক্ষেত্রে নিরাপত্তা প্রহরী/আনসার দ্বারা সার্বক্ষণিক নিরাপত্তা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। গ্যাস ক্ষেত্রের প্রবেশ ফটক সাব্যক্ষণিক বন্ধ থাকে এবং নিরাপত্তা কর্মী নিয়োজিত আছে। উক্ত স্থাপনা বিভিন্ন সেইফটি সাইন, নিরাপত্তামূলক ব্যবস্থায় ক্রোজ সার্কিট ক্যামেরার মাধ্যমে মনিটরিং করা হচ্ছে।	
১১) বেগমগঞ্জ গ্যাস ক্ষেত্রের প্রসেস প্লান্ট, সিকিউরিটি পোস্ট, মেইন গেট, স্ক্রীম পিট, গ্যাডারিং লাইন, ট্যাংক এলাকা নিয়মিত পরিষ্কার করা হয়। ফলজ, বনজ ও ঔষধি বৃক্ষসমূহ ও বাগান নিয়মিত পরিচর্যা করা হয়েছে।	১১) বেগমগঞ্জ গ্যাস গ্যাস ক্ষেত্রে আনসার/নিরাপত্তা প্রহরী দ্বারা সার্বক্ষণিক নিরাপত্তা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। গ্যাস ক্ষেত্রের প্রবেশ ফটক সার্বক্ষণিক বন্ধ থাকে এবং নিরাপত্তা কর্মী নিয়োজিত আছে। নিয়োজিত নিরাপত্তা কর্মীদের হাজিরা ইলেকট্রনিক মেশিনে নেয়ার ব্যবস্থা রয়েছে। পর্যাপ্ত ফ্লাড লাইটের ব্যবস্থা রয়েছে। উক্ত স্থাপনায় বিভিন্ন সেইফটি সাইন রয়েছে, নিরাপত্তামূলক ব্যবস্থা ক্রোজ সার্কিট ক্যামেরার মাধ্যমে মনিটর করা হচ্ছে।	
১২) শাহজাদপুর-সুন্দলপুর ক্ষেত্রের কর্মকর্তা ও কর্মচারীগণের আবাসন নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন করা হয়। গ্যাস ক্ষেত্রে এলাকার ফলজ, বনজ ও ঔষধি গাছের নিয়মিত পরিচর্যা করা হচ্ছে।	১২) শাহজাদপুর-সুন্দলপুর ক্ষেত্রের নিরাপত্তা কাজে নিয়োজিত আনসার ও সিকিউরিটি বাহিনীর কার্যক্রম প্রতিনিয়ত তদারকি করা হচ্ছে। নিরাপত্তামূলক ব্যবস্থা ক্রোজ সার্কিট ক্যামেরার মাধ্যমে মনিটর করা হচ্ছে।	
১৩) খনন বিভাগের কার্যক্রম পরিবেশ বিধিমালায় আলোকে যথাযথ সতর্কতা অবলম্বন করে পরিচালিত হচ্ছে।	১৩) খনন চলাকালীন সময়ে সেইফটি বিষয়ে গৃহীত পদক্ষেপ সমূহ নিম্নরূপঃ-  (ক) ফিল্ডে কুপ খনন কাজে ব্যবহৃত বিভিন্ন প্রকার যন্ত্রপাতি যেমন- BOP & Control Panel, Gray Valve, Kelly Cock (Upper & Lower) ইত্যাদির কার্যকারিতা নিয়মিত পরীক্ষা করা হয়।  (খ) পরিবেশ দূষণ প্রতিরোধে Mud Pit-এর ব্যবস্থা রাখা হয়েছে।  (গ) অগ্নি নির্বাপনের জন্য বিভিন্ন ধরনের Fire Extinguisher এর ব্যবস্থা রাখা হয়েছে।  (ঘ) কর্মকর্তা ও কর্মচারীদের ব্যক্তিগত নিরাপত্তার জন্য PPE অর্থাৎ safety shoe/safety boot, helmet, rain coat, hand gloves, safety belt ইত্যাদির ব্যবস্থা রাখা হয়েছে। তাছাড়াও ladder, railing এবং First Aid-এর ব্যবস্থা আছে।	
১৪) ভূতাত্ত্বিক জরিপ ও সাইসমিক সার্ভে কার্যক্রমে ফিল্ড ক্রুদের আবাসনের জন্য সার্ভে, ড্রিলিং, লোডিং, রেকর্ডিং ক্যাম্প সমূহ, গাড়ি রাখার জায়গা, রেকর্ডিং ও ডিলিং ওয়ার্কসপ, কর্মকর্তা ও কর্মচারীগণের আবাসিক এলাকা পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজ নিয়মিত চলছে।	১৪) প্রকল্প এলাকার সকল অস্থায়ী ম্যাগাজিনি, ক্যাম্প সমূহ, ওয়ার্কসপ, প্রকল্প অফিস, কর্মকর্তা ও কর্মচারী আবাসিক এলাকায় পর্যাপ্ত পরিমাণ Fire Extinguisher আছে যা অগ্নি নির্বাপনে সহায়ক ভূমিকা পালন করে। তাছাড়াও সার্বক্ষণিক সতর্ক থাকার লক্ষ্যে নিয়মিতভাবে সকল কর্মকর্তা ও কর্মচারীদের উপস্থিতিতে অগ্নি নির্বাপন মহড়ার আয়োজন করা হয়েছে।  ম্যাগাজিনি এলাকায় বজ্র নিরোধক ব্যবস্থা নেয়া হয়েছে।  বিপদ সংকটে প্রদানের জন্য ম্যাগাজিনি এলাকায় সাইরেন স্থাপন করা হয়েছে।  ম্যাগাজিনি ও ক্যাম্প সমূহে বিভিন্ন সাইনবোর্ডের মাধ্যমে সতর্কীকরণ বার্তা প্রদান করা হয়েছে।  সার্বক্ষণিক নিপত্তাকর্মী এবং আনসার কর্মী দ্বারা নিরাপত্তা কাজ চলমান রয়েছে।	

৪। বিভিন্ন বিভাগের বাস্তব অগ্রগতির বিবরণ৪.১ ভূতাত্ত্বিক বিভাগ১। অনুসন্ধান ভূ-তত্ত্ব :

০১। ভূতাত্ত্বিক জরিপ দল ২০২৩-২০২৪ মাঠ মৌসুমে চট্টগ্রাম জেলার পটিয়া ভূগঠনে নভেম্বর, ২০২৩ হতে মে, ২০২৪ পর্যন্ত প্রায় ০৭ মাস ব্যাপি ভূতাত্ত্বিক কার্যক্রম পরিচালনার লক্ষ্যে চট্টগ্রাম জেলার পটিয়া উপজেলার উত্তর গোবিন্দারখীল এলাকায় বেইজ ক্যাম্প স্থাপন করে চট্টগ্রাম জেলার পটিয়া, চন্দনাইশ, বোয়ালখালী, রাজুনিয়া উপজেলা ও বান্দরবান সদর উপজেলার পশ্চিমাংশে মাঠ পর্যায়ে জরিপ কার্যক্রম পরিচালনা করছে। জরিপ কাজের অগ্রগতির বিবরণ নিম্নরূপঃ

এলাকার নাম	ভূগঠনের নাম	সেকশন/ছড়াসমূহ	অগ্রগতি (লাইন কি.মি)	সংগৃহিত নমুনা/ নমুনার সংখ্যা
পটিয়া, চট্টগ্রাম	পটিয়া ভূগঠন	গুলাছড়ি ছড়া, শিমাই ছড়া, আছুড়ি ছড়া, খরনা ছড়া (অংশ)।	১৭ লাইন কিঃমিঃ	ক) শিলা নমুনাঃ ১৫টি। ক্রমপঞ্জিভূতঃ ১৫টি। খ) গ্যাস নমুনাঃ নাই। গ) তেল নমুনাঃ নাই। ঘ) পানি নমুনাঃ নাই।

০২। চট্টগ্রাম জেলার পটিয়া, চন্দনাইশ, বোয়ালখালী ও রাজুনিয়া উপজেলা এবং বান্দরবান জেলার সদর উপজেলার পশ্চিমাংশের পাহাড়ি এলাকায় রিকোনাইসেন্স সার্ভে চলছে।

০৩। জরিপ কার্যক্রমের সাথে সাথে জরিপকৃত সেকশনসমূহের প্লটিংসহ আনুষঙ্গিক কাজ চলছে।

০৪। জরিপ কাজ সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে স্থানীয় প্রশাসন, বাংলাদেশ পুলিশ এবং স্থানীয় জন প্রতিনিধিগণের সাথে যোগাযোগ চলমান রয়েছে।

০৫। পেট্রোবাংলার মৌখিক নির্দেশনার আলোকে শরীয়তপুর জেলার ভৈদরগঞ্জ উপজেলার দক্ষিণ মাথাভাঙ্গা গ্রামের গ্যাস নির্গমন স্থান সরেজমিনে পরিদর্শন করত প্রতিবেদন প্রণয়ন করে পেট্রোবাংলা ও জেলা প্রশাসক, শরীয়তপুর বরাবর প্রেরণ করা হয়েছে।

০৬। কুমিল্লা জেলার লাকসাম উপজেলার ঘাটার পূর্বপাড়া গ্রামে গ্যাস নির্গমন স্থান সরেজমিনে পরিদর্শন করত প্রতিবেদন প্রস্তুতের কাজ চলমান রয়েছে।

২। বেসিন স্টাডি :

০৭। পেট্রোবাংলার Think Tank Team (TTT)-এর চাহিদার প্রেক্ষিতে ২০২৬-২০২৮ সময়ে খননের নিমিত্তে বাপেক্স-এর আওতাধীন ব্লক/ফিল্ডে ইতোমধ্যে সনাক্তকৃত prospect সমূহে খননযোগ্য কূপের তালিকা প্রণয়নসহ কারিগরি তথ্যাদি Power Point Presentation-এর মাধ্যমে গত ৩১-১২-২০২৩ তারিখে পেট্রোবাংলার TTT-এর উপস্থিতিতে উপস্থাপন করা হয়।

০৮। বাপেক্স-এর পরিচালনা পর্ষদের ৪৬৬-তম সভার সিদ্ধান্ত (গ) বাস্তবায়নের লক্ষ্যে বাপেক্স-এর খনন কার্যক্রমের Success-Unsuccess Ratio, শরীয়তপুর # ১ ও মোবারকপুর # ১ অনুসন্ধান কূপের Unsuccess-এর কারণসহ অধিকতর তথ্য-উপাত্ত বিশ্লেষণ করে ভবিষ্যতে গ্যাসপ্রাপ্তির সম্ভাবনা উল্লেখ করে বোর্ডসভায় উপস্থাপনের জন্য একটি Power Point Presentation প্রণয়নের কাজ চলমান আছে।

০৯। শাহজাদপুর-সুন্দলপুর এলাকার সাইসমিক উপাত্ত এবং বিদ্যমান কূপসমূহের তথ্য-উপাত্ত বিশ্লেষণ ও মূল্যায়নকরত সুন্দলপুর সাউথ # ১ কূপের খসড়া কূপ প্রস্তাবনাটি সংশোধন করত উপস্থাপন করা হয়েছে।

১০। ফেঞ্চুগঞ্জ এলাকার সংগৃহীত সাইসমিক উপাত্ত এবং বিদ্যমান কূপসমূহের ভূতাত্ত্বিক তথ্য-উপাত্ত বিশ্লেষণ ও মূল্যায়নকরত উক্ত এলাকায় প্রস্তাবিত ফেঞ্চুগঞ্জ সাউথ # ১ অনুসন্ধান কূপের খসড়া কূপ প্রস্তাবনাটির সংশোধনের কাজ চূড়ান্ত করা হয়েছে।

১১। শ্রীকাইল ও পাশ্ববর্তী এলাকায় সংগৃহীত সাইসমিক উপাত্ত এবং বিদ্যমান কূপসমূহের ভূতাত্ত্বিক তথ্য-উপাত্ত বিশ্লেষণ ও মূল্যায়নকরত উক্ত এলাকায় প্রস্তাবিত শ্রীকাইল # ৫ মূল্যায়ন কাম উন্নয়ন কূপের খসড়া কূপ প্রস্তাবনা প্রণয়ন করা হয়েছে।

১২। মোবারকপুর এলাকায় সংগৃহীত সাইসমিক উপাত্ত এবং বিদ্যমান কূপের ভূতাত্ত্বিক তথ্য-উপাত্ত বিশ্লেষণ ও মূল্যায়নকরত উক্ত এলাকায় প্রস্তাবিত মোবারকপুর সাউথ-ইস্ট # ১ অনুসন্ধান কূপের খসড়া কূপ প্রস্তাবনা প্রণয়ন করা হয়েছে।

১৩। বেগমগঞ্জ-সুন্দলপুর এলাকার সাইসমিক উপাত্ত এবং বিদ্যমান কূপসমূহের তথ্য-উপাত্ত বিশ্লেষণ ও মূল্যায়ন করে উক্ত এলাকায় প্রস্তাবিত বেগমগঞ্জ # ৫ মূল্যায়ন কূপ ও বেগমগঞ্জ # ৬ অনুসন্ধান কূপের কূপ প্রস্তাবনা প্রণয়নের কাজ চলমান আছে।

১৪। জামালপুর-মাদারগঞ্জ এলাকার সাইসমিক উপাত্ত এবং নিকটবর্তী এলাকায় বিদ্যমান কূপসমূহের তথ্য-উপাত্ত বিশ্লেষণ ও মূল্যায়ন করে উক্ত এলাকায় প্রস্তাবিত জামালপুর # ১ অনুসন্ধান কূপের কূপ প্রস্তাবনা প্রণয়নের কাজ চলমান আছে।

১৫। খননাধীন সুন্দলপুর # ৩ মূল্যায়ন কাম উন্নয়ন কূপের খনন তথ্য-উপাত্ত নিয়মিতভাবে রিভিউ করা হচ্ছে।

### ৩। ফিল্ড উন্নয়ন ভূ-তত্ত্ব :

- ১৬। বাপেক্স-এর ওয়েদারফোর্ড মডেলগিং ইউনিট দ্বারা সুন্দলপুর # ৩ উন্নয়ন কূপ খনন প্রকল্পে মডেলগিং সার্ভিস প্রদান করা হচ্ছে। এছাড়াও ওএফআই-২ মডেলগিং ইউনিট রিগ-আপ করে ব্যাক-আপ হিসেবে রাখা হয়েছে।
- ১৭। সিলেট গ্যাস ফিল্ডস লি. (এসজিএফএল) কর্তৃক খননতব্য সিলেট মূল্যায়ন কাম উন্নয়ন কূপ # ১২ এবং সিলেট # ১৩ (তেল কূপ) কূপের Geological Technical Order (GTO) প্রস্তুতের লক্ষ্যে বিভিন্ন ভূতাত্ত্বিক তথ্য-উপাত্ত সংগ্রহের কাজ চলমান রয়েছে।
- ১৮। এসজিএফএল কর্তৃক খননতব্য কৈলাশটিলা # ৯ অনুসন্ধান কূপের GTO প্রস্তুতের কাজ চলমান রয়েছে।
- ১৯। এসজিএফএল কর্তৃক খননতব্য রশিদপুর # ১৩ অনুসন্ধান কূপের GTO প্রস্তুত শেষে এসজিএফএল বরাবর প্রেরণ করা হয়েছে।
- ২০। এসজিএফএল এর খননতব্য সিলেট # ১১ উন্নয়ন কূপের GTO প্রস্তুত শেষে এসজিএফএল বরাবর প্রেরণ করা হয়েছে।
- ২১। জকিগঞ্জ # ১ অনুসন্ধান কূপ এবং শরীয়তপুর # ১ অনুসন্ধান কূপ, শ্রীকাইল নর্থ # ১-এ অনুসন্ধান কূপসমূহ সফলভাবে খনন শেষে বিভিন্ন তথ্য-উপাত্ত সন্নিবেশ করে ওয়েল কমপ্লিশন রিপোর্ট প্রণয়নের কাজ চলছে।
- ২২। সালদানদী, ফেঞ্চুগঞ্জ, শাহবাজপুর, সেমুতাং, বেগমগঞ্জ, সুন্দলপুর ও শ্রীকাইল গ্যাসক্ষেত্রের উৎপাদন, ওয়েলহেড প্রেশার ও অন্যান্য উপাত্ত নিয়মিত পর্যবেক্ষণ করা হচ্ছে।

### ৪। ফরমেশন ইন্ডালুয়েশন :

- ২৩। সুন্দলপুর # ৩ কূপ এর ১৭ ১/৮" Open Hole Section-এর Log Data সমূহ Quick Look Analysis করা হয়েছে।
- ২৪। সুন্দলপুর # ৩ কূপ এর ১৩ ৩/৮" সেকশন-এর Cased Hole Log Data সমূহ পর্যবেক্ষণ করা হয়েছে। প্রেসার হোল্ড না করার প্রেক্ষিতে Casing Shoe-তে Cement Plug করা হয়েছে।
- ২৫। রশিদপুর # ২ নং কূপে চলমান WorkOver কার্যক্রমের Formation Evaluation সংশ্লিষ্ট পরামর্শ প্রদান করা হচ্ছে।
- ২৬। এসজিএফএল-এর চলমান সিলেট # ১০ কূপের খনন কাজে ফরমেশন ইন্ডালুয়েশন সংশ্লিষ্ট কাজ পর্যবেক্ষণ করা হয়েছে। ইতোমধ্যে 2289-2291.5 mMD, 1406-1407.5 mMD, 1397.25-1398.75 mMD ও 2218-2223 mMD মিটার গভীরতায় পারফোরেশন করত: DST কার্যক্রম পরিচালিত হয়েছে। এর মধ্যে DST-2 (2289-2291.5 mMD) ও DST-4 (2218-2223 mMD) এর মাধ্যমে গ্যাসের উপস্থিতি এবং DST-3 (1406-1407.5 mMD ও 1397.25-1398.75 mMD) এর মাধ্যমে তেলের উপস্থিতি নিশ্চিত হয়েছে।
- ২৭। “শেভরন বাংলাদেশ কর্তৃক পরিচালিত- বিবিয়ানা, জালালাবাদ ও মৌলভীবাজার গ্যাসক্ষেত্রের ২০১৪ সালের DeGolyer & MacNaughtons (D&M) কর্তৃক প্রাক্কলিত গ্যাস রিজার্ভ যাচাই-বাছাই ও হালনাগাদ রিজার্ভ হিসেবে ব্যবহারের যৌক্তিকতা” বিষয়ে পেট্রোবাংলা কর্তৃক গঠিত মূল্যায়ন কমিটিতে অত্র উপবিভাগের একজন কর্মকর্তা নিযুক্ত রয়েছেন। উক্ত কমিটি কর্তৃক কার্য সম্পাদন করতঃ প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।
- ২৮। সুন্দলপুর # ২ নং কূপে পানি উৎপাদন বৃদ্ধি পাওয়ায় উৎপাদন বিষয়ে কূপটির তথ্যাদি নিয়মিতভাবে পর্যবেক্ষণ করা হচ্ছে।
- টবগী # ১ কূপে গ্যাস প্রাপ্তি পরবর্তী শাহবাজপুর ইন্সট # ১ কূপসহ শাহবাজপুর গ্যাসক্ষেত্রের মজুদ পুন: মূল্যায়নের কাজ চলমান রয়েছে।

### ৫। আইওসি কার্যক্রম :

- ২৯। KrisEnergy Bangladesh Ltd. ও Niko Resources (Block-9) Ltd.-এর সাথে অংশীদার হিসেবে PSC Block-9 এর অপারেশন পর্যবেক্ষণ করা হচ্ছে। আলোচ্য মাসে বাঙ্গুরা গ্যাসক্ষেত্র হতে গড়ে দৈনিক প্রায় ৪৩ মিলিয়ন ঘনফুট গ্যাস উত্তোলিত হয়েছে।
- ৩০। ONGC Videsh ও Oil India Ltd.-এর সাথে অংশীদার হিসেবে PSC Block-ss-04 ও ss-09 এর অপারেশন পর্যবেক্ষণ করা হচ্ছে।
- ৩১। বাপেক্স এবং রাশিয়ান ফেডারেশনের রাষ্ট্রীয় প্রতিষ্ঠান Gazprom EP International Investment B.V.-এর মধ্যে Bhola Island Evaluation-এর জন্য স্বাক্ষরিত Memorandum of Understanding (MoU) এর আলোকে Gazprom বরাবর বাপেক্স কর্তৃক সরবরাহকৃত তথ্য-উপাত্ত রাশিয়ায় বিশ্লেষণের কাজ চলছে। গত ১২/১২/২০২৩ হতে ১৯/১২/২০২৩ তারিখ পর্যন্ত Gazprom EP International B.V. কর্তৃক আয়োজিত “Joint Study Workshop in Russia” তে বাপেক্স-এর ০৮ (আট) জন কর্মকর্তা অংশগ্রহণ করেছেন।
- ৩২। MOECO এর একটি কারিগরি দল বাংলাদেশে এসে বাংলাদেশ অনশোর ব্লক ৮ ও ১১ এবং সংলগ্ন এলাকার কারিগরি তথ্য-উপাত্তবিশ্লেষণসহ বাপেক্স-এর সাথে যৌথ স্টাডি সম্পাদন করেছে। MOECO সম্প্রতি Work program সহ Draft JVA প্রণয়ন করেছে। শীঘ্রই JVA নেগোসিয়েশন সংক্রান্ত পরবর্তী কার্যক্রম শুরু হবে।
- ৩৩। ইন্টারন্যাশনাল সেন্টার ফর সেটেলমেন্ট অব ইনভেস্টমেন্ট ডিসপিউট (ইকসিড)-এ নাইকো দুর্নীতি সংক্রান্ত চলমান মামলার কার্যক্রম পরিচালনার জন্য পেট্রোবাংলা/বাপেক্স-এর পক্ষে ওয়াশিংটনভিত্তিক আন্তর্জাতিক কাউন্সেল Foley Hoag প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করছে এবং এ বিষয়ে বাপেক্স সর্বাঙ্গিক সহায়তা প্রদান করছে।

## ৪.২

## ভূপদার্থিক বিভাগ

- ১। “২ডি সাইসমিক সার্ভে ওভার এক্সপ্লোরেশন ব্লক- ১৫ এবং ব্লক- ২২” প্রকল্পের জন্য নির্ধারিত মোট ৩০০০ লাইন কি.মি. উপাত্ত সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণ কার্যক্রম সমাপ্ত হয়েছে। সার্ভিস প্রোভাইডার কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনসমূহ রিভিউ করা হচ্ছে। কুপ খনন লোকেশন নির্ধারণ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করা হচ্ছে। ২০২৩-২৪ অর্থ বছরের আরএডিপি ৮০০.০০ লক্ষ টাকা এবং ৩৪৮.২৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে।
- ২। “২ডি সাইসমিক সার্ভে ওভার ব্লক-৬বি সাউথ ও ব্লক-১০ শীর্ষক প্রকল্পের অধীনে চলমান মৌসুমে মাঠ পর্যায়ে টপোসার্ভে- ৫৩৮.০০ লাইন কি.মি., সাইসমিক ড্রিলিং- ৪৪৩.০০ লাইন কি.মি. এবং রেকর্ডিং- ২২০.৬৩ লাইন কি.মি. সম্পন্ন হয়েছে। প্রকল্পের অধীনে এপর্যন্ত মাঠ পর্যায়ে টপোসার্ভে- ৮২০.৭৮ লাইন কি.মি., সাইসমিক ড্রিলিং- ৭২৫.৭৮ লাইন কি.মি. এবং রেকর্ডিং- ৫০৩.৪১ লাইন কি.মি. সম্পন্ন হয়েছে।
- ৩। “৩ডি সাইসমিক সার্ভে ওভার জকিগঞ্জ এন্ড পাথারিয়া স্ট্রাকচার” শীর্ষক প্রকল্পের আওতায় জকিগঞ্জ গ্যাসক্ষেত্রের ২০০ বর্গ কি.মি. এলাকায় ৩ডি সাইসমিক উপাত্ত সংগ্রহ কার্যক্রম সম্পন্ন হয়েছে। সংগৃহীত ৩ডি সাইসমিক উপাত্ত সমূহের মূল প্রক্রিয়াকরণ কার্য সম্পন্ন হয়েছে, Pre Stack Depth Migration প্রক্রিয়াকরণ চলমান রয়েছে। উপাত্ত সমূহের প্রাথমিক বিশ্লেষণের কাজ শুরু হয়েছে। পাথারিয়া ভূগঠনের ৩৮০ বর্গ কিলোমিটার এর মধ্যে ১৩৬ বর্গ কি.মি. সার্ভে, ৯৬ বর্গ কি.মি. ড্রিলিং এবং ৪৯ বর্গ কি.মি. রেকর্ডিং কার্যক্রম সম্পন্ন হয়েছে।
- ৪। মন্ত্রণালয়ের স্মারক নং ২৮.০০.০০০০.০৩৮.১৪.০০৬.২২.৩৪৭/১(৫) এর নির্দেশনা মোতাবেক ডিপিপি পুনর্গঠন করে গত ১৩/১২/২০২৩ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। গত ২৮/১২/২০২৩ তারিখ বাপেক্স পরিচালনা পর্ষদের ৪৭৬ তম সভায় প্রস্তাবিতব্য প্রকল্পের আন্তর্জাতিক সার্ভিস প্রোভাইডার নিয়োগের লক্ষ্যে আহ্বায়নকৃত RFP এর বিপরীতে প্রাপ্ত প্রস্তাব সমূহের উপর গঠিত কমিটির মূল্যায়ন প্রতিবেদন অনুমোদন ও পুনরায় EOI আহ্বানের অনুমোদন হয়।
- ৫। ২০২২-২০২৩ইং মাঠ মৌসুমে 2D Seismic Survey Over Exploration Block-6B South & 10 Project এর মুলাদি, বরিশাল এলাকায় সংগৃহীত সাইসমিক জরীপ লাইন (Geovation Software এর মাধ্যমে) লাইন BPX\_6B\_14 এর ফাইনাল Processing কাজ সম্পন্ন হয়েছে, লাইন BPX\_6B\_15, BPX\_6B\_16, BPX\_6B\_17 এবং BPX\_6B\_11 এর Processing কাজ চলমান আছে। “৩ডি সাইসমিক সার্ভে ওভার জকিগঞ্জ এন্ড পাথারিয়া স্ট্রাকচার” শীর্ষক প্রকল্পের অধীনে সংগৃহীত ৩ডি সাইসমিক উপাত্ত সমূহের মূল প্রক্রিয়াকরণ কার্য সম্পন্ন হয়েছে, Pre Stack Depth Migration প্রক্রিয়াকরণ চলমান রয়েছে।
- ৬। “২ডি সাইসমিক সার্ভে ওভার এক্সপ্লোরেশন ব্লক- ১৫ এবং ব্লক- ২২” প্রকল্পের Seismic Interpretation সংক্রান্ত Power Point Presentation, Report, Deliverables ইত্যাদি Tripura Basin এর Exploration & Production History Analysis করে review করা হচ্ছে। Seismic Horizon Picking, Fault Picking করে ২য় ধাপের Mapping, Seismic Attributes, Seismic Stratigraphic Analysis সম্পন্ন করা হচ্ছে।
- ৭। “৩ডি সাইসমিক সার্ভে ওভার জকিগঞ্জ এন্ড পাথারিয়া স্ট্রাকচার” শীর্ষক প্রকল্পের অধীনে সংগৃহীত জকিগঞ্জ অংশের প্রাথমিক বিশ্লেষণ কার্যক্রম যেমন ডাটা ইনভেনটরির কাজ চলমান রয়েছে। ইতোপূর্বে আহরিত ৩ডি সাইসমিক ডাটা সংরক্ষণ ও পুনঃবিশ্লেষণ এর কাজ চলমান।
- ৮। ত্রুটিপূর্ণ VHF Walkie-Talkie এবং VHF Radio সমূহের প্রতিটির সমস্যাবলী সুনির্দিষ্টভাবে নির্ণয় করা হয়েছে এবং সেগুলো প্রয়োজনীয় মেরামত কার্য সম্পাদনের মাধ্যমে স্বক্রিয় করার প্রক্রিয়া শুরু করা হয়েছে। ত্রুটিপূর্ণ ০৩টি NAS প্রয়োজনীয় মেরামত কার্য সম্পাদন করে সক্রিয় অবস্থায় প্রকল্পের কাজে ব্যবহারের লক্ষ্যে প্রেরণ করা হয়েছে।

## ৪.৩ খনন পরিচালনা বিভাগ

### ১। খনন ও ওয়ার্কওভার কার্যক্রম :

- ক) সুন্দলপুর-৩ অনুসন্ধান কাম উন্নয়ন কূপ খনন: ZJ70 DBS (Bijoy-10) রিগ দ্বারা সুন্দলপুর-৩ অনুসন্ধান কাম উন্নয়ন কূপ খনন করার লক্ষ্যে রিগ আপ শেষে রিগ কমিশনিং কাজ সম্পন্ন হয়েছে। ০৪-১১-২০২৩ তারিখে খনন কার্যক্রম শুরু হয়েছে। খনন কাজ চলমান আছে।
- খ) তিতাস-১৪ ওয়ার্কওভার: ZJ40 DBT (Bijoy-11) রিগ দ্বারা তিতাস-২৪ ওয়ার্কওভার কাজ শেষে তিতাস-১৪ ওয়ার্কওভার কূপে ব্যবহারের লক্ষ্যে রিগ ও রিগ যন্ত্রাংশের রক্ষণাবেক্ষণ কাজ শেষে শীঘ্রই ওয়ার্কওভার কাজ শুরু করা হবে।
- গ) রশিদপুর-২ ওয়ার্কওভার: XJ650T (Bijoy-18) রিগটি রশিদপুর-২ ওয়ার্কওভার কূপের ওয়ার্কওভার করার লক্ষ্যে রিগ কমিশনিং শেষে ওয়েল কিল করে ওয়ার্কওভার কাজ চলমান রয়েছে।
- ঘ) কৈলাশটিলা-২ ওয়ার্কওভার: ZJ50 DBS (Bijoy-12) রিগ দ্বারা কেটিএল-২ ওয়ার্কওভার ২৭-০৭-২০২৩ তারিখ হতে শুরু হয়েছে। ওয়ার্কওভার কাজ শেষে ২৩-১১-২০২৩ তারিখে সফলভাবে গ্যাস উৎপাদন শুরু হয়েছে। কূপের রিগ ডাউন শেষে স্থানান্তর কাজ প্রায় শেষ পর্যায়ে।
- ঙ) কেটিএল-৮ ওয়ার্কওভার: ZJ50 DBS (Bijoy-12) রিগ দ্বারা কেটিএল-৮ খনন করার লক্ষ্যে ইতোমধ্যে কেটিএল-২ ওয়ার্কওভার হতে রিগ ডাউন শেষে কেটিএল-৮ খনন প্রকল্পে রিগ স্থানান্তর কাজ প্রায় শেষ হয়েছে। শীঘ্রই খনন কাজ শুরু করা হবে।

### ২। রিগ বেইজ :

- ক) মাখবপুর রিগ বেইজ:  
দৈনন্দিন দাপ্তরিক কার্যক্রম পরিচালনাসহ রিগ বেইজে রক্ষিত মালামাল রক্ষণাবেক্ষণ, পরিস্কার পরিচ্ছন্ন ও নিরাপত্তা বিধানের কাজ অব্যাহত আছে।

**8.8 ওয়েল সার্ভিসেস বিভাগ****১। কুপ পরীক্ষণ (Well Testing) :**

- ১) জকিগঞ্জ # ১ ও শাহবাজপুর #৪ ওয়ার্কওভার কুপের জন্য Slickline Operation Services ভাড়া সংগ্রহের লক্ষ্যে আন্তর্জাতিক দরপত্র প্রস্তাব চেয়ে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।
- ২) সুন্দলপুর #৪ ও শ্রীকাইল#৫ কুপে DST & Slickline সার্ভিসেস গ্রহণের জন্য আহবায়িত আন্তর্জাতিক দরপত্র এর বিপরীতে প্রাপ্ত দরপত্র সমূহের আর্থিক মূল্যায়ন শেষে NOA প্রদানের কাজ চলমান।
- ৩) Service প্রদানের কৈলাশটিলা #২ ওয়ার্কওভার কুপে Testing কাজ সম্পন্ন হয়েছে।
- ৪) রশিদপুর #২ কুপে Testing Service প্রদানের লক্ষ্যে প্রস্তুতিমূলক কার্য চলমান।
- ৫) সর্বশেষ কুপ সমূহে সম্পাদিত DST ও ওয়েল টেস্টিং এর প্রতিবেদন তৈরির কাজ চলমান রয়েছে।

**২। মাড ইঞ্জিনিয়ারিং (Mud Engineering) :**

- ১) সুন্দলপুর #৩ কুপ খনন প্রকল্পে Mud Engineering Service চলমান আছে।
- ২) মাড ইঞ্জিনিয়ারিং শাখায় ব্যবহারের জন্য ল্যাব Reagent and Apparatus ক্রয়ের লক্ষ্যে ক্রয়াদেশ নং- BAPEX/ADMIN/1910, Date:03-09-2023 এর বিপরীতে সরবরাহকারী বরাবর ঋণপত্র স্থাপনের প্রক্রিয়া চলমান রয়েছে।
- ৩) রশিদপুর #২ কুপে ওয়ার্কওভার কার্যক্রমে Mud Engineering Service চলমান রয়েছে।
- ৪) জকিগঞ্জ # ১ ওয়ার্কওভার কুপে কমপ্লিশনের জন্য মাড কেমিক্যাল ক্রয়ের লক্ষ্যে আন্তর্জাতিক উন্মুক্ত দরপত্র BAPEX/ADMIN/INT/TEN-1133 এর মালামাল Shipment সম্পন্ন হয়েছে।

**৩। ওয়ারলাইন লগিং সার্ভিসেস :**

- ১) শাহবাজপুর#৪ ও জকিগঞ্জ#১ ওয়ার্কওভার কুপে ওয়ারলাইন লগিং সেবা গ্রহণের লক্ষ্যে আহবায়িত দরপত্র নং: BAPEX/ADMIN/INT/TEN-1203/2023, তারিখ: ২১/০৮/২০২৩ এর বিপরীতে প্রাপ্ত দরপত্রের আর্থিক মূল্যায়নের কাজ চলমান রয়েছে।
- ২) সুন্দলপুর #৪ উন্নয়ন কুপে ওয়ারলাইন লগিং সেবা গ্রহণের লক্ষ্যে আহবায়িত আন্তর্জাতিক দরপত্র নং: BAPEX/ADMIN/INT/TEN-1181/2023, তারিখ: ০২/০৮/২০২৩ এর বিপরীতে প্রাপ্ত দরপত্র সমূহের কারিগরি মূল্যায়ন প্রতিবেদন ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবর প্রেরণ করা হয়েছে।
- ৩) অত্র উপবিভাগের একজন কর্মকর্তা সুন্দলপুর #৩ উন্নয়ন কুপে অস্থায়ী পিট ম্যাগাজিন লাইসেন্স প্রাপ্তির লক্ষ্যে বিস্ফোরক কর্মকর্তাকে সহায়তার লক্ষ্যে সুন্দলপুর, নোয়াখালী গমন করেন।
- ৪) অত্র উপবিভাগের একজন কর্মকর্তা সুন্দলপুর #৩ উন্নয়ন কুপে ১৭ ১/২” ওপেন হোল লগিং এবং ১৩ ৩/৮” কেসড হোল লগিং কার্যক্রম সরেজমিনে পরিদর্শনের লক্ষ্যে সুন্দলপুর, নোয়াখালী গমন করেন।
- ৫) শ্রীকাইল #৫ উন্নয়ন কুপে ওয়ারলাইন লগিং সেবা গ্রহণের লক্ষ্যে আহবায়িত আন্তর্জাতিক দরপত্র নং: BAPEX/ADMIN/INT/TEN-1188/2023, তারিখ: ১৫/০৬/২০২৩ এর বিপরীতে প্রাপ্ত দরপত্র সমূহের কারিগরি মূল্যায়ন প্রতিবেদন ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবর প্রেরণ করা হয়েছে।
- ৬) ওয়ারলাইন লগিং কার্যক্রম সম্পন্ন করার জন্য তেজস্ক্রিয় পদার্থের ব্যবহারিক লাইসেন্স (ক শ্রেণী), পরিবহণ লাইসেন্স (ঘ শ্রেণী), আমদানী ও রপ্তানী লাইসেন্স (ঙ শ্রেণী) এর বার্ষিক নবায়ন এবং RCO বার্ষিক প্রতিবেদন প্রস্তুত পূর্বক বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হয়েছে।

**৪। ওয়েল সিমেন্টেশন (Well Cementation) :**

- ১) KTL #২ ওয়ার্কওভার প্রকল্পে বাপেক্স এর নিজস্ব সিমেন্টিং ইউনিট ও জনবলের মাধ্যমে রশিদপুর-২ ওয়ার্কওভার প্রকল্পে সিমেন্টিং সার্ভিস সম্পন্ন হয়েছে।
- ২) MG Cementing Unit এর Display Panel Board স্থাপনের লক্ষ্যে স্বাক্ষরিত চুক্তি মোতাবেক উক্ত ইউনিটের-Display Panel Board স্থাপন করা হয়েছে এবং অন্যান্য কারিগরি ত্রুটি নিরূপন কার্যক্রম চলমান রয়েছে।
- ৩) চুক্তিপত্র নং- BAPEX/ ADMIN-1841 Date:-23-06-2022 এর বিপরীতে সুন্দলপুর#৩ কুপ খনন প্রকল্পে Schlumberger SEACO INC কর্তৃক সিমেন্টিং ইউনিট ও দক্ষ জনবল দ্বারা সিমেন্টেশন সার্ভিস প্রদান কার্যক্রম চলমান রয়েছে।
- ৪) শ্রীকাইল # ৫ এবং সুন্দলপুর # ৪ মূল্যায়ন কাম উন্নয়ন কুপ খনন প্রকল্পে সিমেন্টেশন সার্ভিস প্রদান সংক্রান্ত মালামাল ও তৃতীয় পক্ষীয় সেবা ক্রয়ের আন্তর্জাতিক উন্মুক্ত দরপত্র ( দরপত্র নং-১১৮৩ এবং ১১৮৯ ) সমূহের কারিগরি দরপত্র মূল্যায়ন সম্পন্ন করত: প্রতিবেদন ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবর দাখিল করা হয়েছে।

## ৪.৫ পরীক্ষাগার বিভাগ

### জিওলজিক্যাল ল্যাব উপ-বিভাগ:

- ১। ভূতাত্ত্বিক জরিপ দল কর্তৃক ২০২২-২০২৩ মাঠ মৌসুমে মাতামুহুরী ভূগঠনের উত্তরাংশ এবং জলদি ভূগঠনের দক্ষিণাংশের বিভিন্ন ছড়া/সেকশন হতে তিনটি দফায় সংগৃহীত চৌত্রিশ (৩৪) টি Shale নমুনার Micro-paleontological Analysis শেষে প্রস্তুতকৃত প্রতিবেদন সংশ্লিষ্ট বিভাগসমূহে প্রেরণ করা হয়েছে।
- ২। গ্যাজপ্রম কর্তৃক খননকৃত টবগী #১ অনুসন্ধান কূপ হতে প্রেরিত তিন (০৩) টি (২৮ মিটার) কোর নমুনার মধ্যে Core # 3 হতে সংগৃহীত পঁচিশ (২৫) টি নমুনার Grain Size Analysis এর লক্ষ্যে Probability curve প্রস্তুতির কাজ শেষ হয়েছে এবং Mineralogical Analysis এর লক্ষ্যে XRD data aquisition এর কাজ চলছে।
- ৩। e-GP এর OSTETM পদ্ধতিতে সেডিমেন্টোলজিক্যাল বিশ্লেষণ কাজে ব্যবহৃতব্য Grain size analysis Equipment এর ক্রয়কার্য প্রক্রিয়াধীন।

### জিওকেমিক্যাল উপ-বিভাগ:

- ১। শাহবাজপুর গ্যাসক্ষেত্র হতে ০৬ (ছয়)টি গ্যাস নমুনা, ০২ (দুই)টি লিকুইড হাইড্রোকার্বন নমুনা, ০৩ (তিন)টি পানি নমুনার বিশ্লেষণ প্রতিবেদন উৎপাদন বিভাগসহ সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরে ই-নথির মাধ্যমে প্রেরণ করা হয়েছে।
- ২। শাহজাদপুর-সুন্দলপুর গ্যাসক্ষেত্র হতে ০৩ (তিন)টি গ্যাস নমুনা, ০১ (এক)টি লিকুইড হাইড্রোকার্বন নমুনা, ০১ (এক)টি পানি নমুনার বিশ্লেষণ প্রতিবেদন উৎপাদন বিভাগসহ সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরে ই-নথির মাধ্যমে প্রেরণ করা হয়েছে।
